

## বৃত্তি

# এডিবি-জেএসপি বৃত্তি, ১০ দেশে পড়ার সুযোগ পাবেন ৩০০ শিক্ষার্থী

প্রথম আলো ডেস্ক



এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলোর জন্য এডিবি-জেএসপি স্কলারশিপের আবেদন চলছে ছবি : ওয়েবসাইট

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলোর জন্য [এডিবি-জেএসপি](#) স্কলারশিপের আবেদন চলছে। এডিবি-জেএসপি স্কলারশিপ প্রোগ্রামের আওতায় জাপান সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) শিক্ষাবৃত্তি সুবিধা হচ্ছে ‘এডিবি-জেএসপি স্কলারশিপ প্রোগ্রাম’।

[জাপান স্কলারশিপ প্রোগ্রামের](#) (জেএসপি) আওতায় এডিবিভুক্ত উন্নয়নশীল দেশের শিক্ষার্থীরা স্নাতকোত্তর ডিগ্রি নেওয়ার জন্য এ বৃত্তির সুযোগ পেয়ে থাকেন। ১৯৮৮ সাল থেকে চালু হওয়া এ বৃত্তির জন্য আবেদনপ্রক্রিয়া শুরু হয়েছে।

বিজ্ঞাপন

প্রতিবছরের মতো এবারও ৪০টি দেশের ১৩৫ শিক্ষার্থী বৃত্তি নিয়ে পড়ার সুযোগ পাবেন। যুক্তরাষ্ট্র, নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া, চীন, ভারত, জাপান, পাকিস্তান, ফিলিপাইন, সিঙ্গাপুর ও থাইল্যান্ডের ২৯টি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীরা বিনা মূল্যে পড়ালেখার সুযোগ পাবেন।

## কোন কোন বিষয়ে পড়ার সুযোগ

স্নাতকোত্তর কোর্সে শিক্ষার্থীরা সায়েন্স অ্যান্ড টেকনোলজি (কৃষি, বায়োলজিক্যাল সায়েন্স, কম্পিউটার সায়েন্স, প্রকৌশল, পরিবেশ, ফরেস্ট্রি, জেনেটিকস ও হেলথ), ইকোনমিকস বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট (অ্যাকাউন্টিং, ডেভেলপমেন্ট অ্যাডমিনিস্ট্রেশন/ম্যানেজমেন্ট, কসার্ম, ই-বিজনেস, এন্ট্রাপ্রেনিউরশিপ, অর্থনীতি, ফিন্যান্স, ইন্টারন্যাশনাল কো-অপারেশন ও সমাজবিজ্ঞান), ডেভেলপমেন্ট স্টাডিজ (এশিয়া প্যাসিফিক স্টাডিজ, ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট ও ডেভেলপমেন্ট স্টাডিজ) এবং ল অ্যান্ড পাবলিক পলিসি (ইন্টারন্যাশনাল বিজনেস ল, ইন্টারন্যাশনাল এনভায়রনমেন্টাল ল, পলিসি স্টাডিজ, রাষ্ট্রবিজ্ঞান, পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন ও পাবলিক পলিসি) বিষয়ে বৃত্তি নিয়ে পড়ার সুযোগ আছে।

## সুযোগ-সুবিধা

- \*সম্পূর্ণ বিনা বেতনে পড়ালেখার সুযোগ
- \*মাসিক আবাসন ভাতা
- \*শিক্ষা সরঞ্জাম বাবদ ভাতা
- \*হেলথ ইনস্যুরেন্সের সুবিধা
- \*বিমান টিকিট

## আবেদনের যোগ্যতা

- \*বিজ্ঞপ্তিতে উল্লিখিত দেশের নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব থাকা যাবে না
- \*স্নাতক ডিগ্রি সম্পন্ন থাকতে হবে
- \*তালিকাভুক্ত বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তরে ভর্তি হতে হবে।
- \*স্নাতক-পরবর্তী দুই বছরের ফুল টাইম কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
- \*ইংরেজি ভাষায় সাবলীল হতে হবে।
- \*সুস্বাস্থ্যের অধিকারী এবং বয়স অনূর্ধ্ব ৩৫ বছর হতে হবে।
- \*পড়ালেখা শেষে অবশ্যই নিজ দেশে ফেরত যেতে হবে।
- \*যেসব কাগজপত্রের প্রয়োজন
- \*পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র এবং প্রার্থীর ছবি

- \*বার্ষিক ইনকাম ট্যাক্স সার্টিফিকেট
- \*অভিভাবকের ইনকাম ট্যাক্স সার্টিফিকেট
- \*ওয়ার্ক এক্সপেরিয়েন্স লেটার
- \*দুটি রেফারেন্স লেটার
- \*সিভি

## আবেদন যেভাবে

আগ্রহী প্রার্থীদের এডিবির ওয়েবসাইটের এই [লিংক](#) থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করতে হবে। এরপর তা পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রতিষ্ঠানে পাঠাতে হবে। পড়াশোনা শুরু করার পরিকল্পিত সময়ের অন্তত ছয় মাস আগে আবেদন পাঠাতে হবে। এই বৃত্তির বিস্তারিত তথ্য ও আবেদনপদ্ধতি জানতে এখানে [ক্লিক করতে](#) পারেন।



---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২৩ প্রথম আলো